NYC এর মহিলারা যদি কোনো হয়রানি বা বৈষম্যতার শিকার হন তাহলে 311 নম্বরে ফোন করে NYC মানবাধিকার কমিশনের (NYC Commission) সঙ্গে যোগাযোগ করতে পারেন, কমিশনের ইনফোলাইনে সরাসরি **(212) 416-0197** নম্বরে ফোন করুন অথবা **NYC.gov/HumanRights** দেখুন।



Commission on Human Rights

@NYCCHR NYC.gov/HumanRights

# NYC

# তে মহিলারা সম্মান নিরাপত্তা এবং মর্যাদার

সঙ্গে বসবাস ও কাজ করার যোগ্য



NYC Commission on Human Rights





# তেমহিলারা সম্মাননিরাপত্তাএ বংমর্যাদারসঙ্গেবসবাসওকাজকরারযোগ্য।

NYC মানবাধিকার কমিশন NYC এর মানবাধিকার (NYC Human Rights Law) আইন বলবত করে, যা দেশের অন্যতম শক্তিশালী এবং স্পষ্ট বৈষম্যবিরোধী আইন। NYC এর মানবাধিকার আইন নিউইয়র্ক শহরে আসেন, কাজ করেন বা থাকেন এমন সমস্ত মানুষকে আবাসন, কর্মসংস্থান এবং কোনো মানুষের প্রকৃত বা অনুভূত জাতি, ধর্মবিশ্বাস, বর্ণ, জাতীয় উৎস, লিঙ্গ, যৌন অভিমুখ, বয়স, প্রতিবন্ধকতা, বিদেশী নাগরিক বা নাগরিকতত্বের স্থিতি অথবা অন্যান্য সুরক্ষিত স্থিতি সহ 22টি বিভাগে সরকারি বাসস্থানের ক্ষেত্রে বৈষম্যের শিকার হওয়া থেকে সুরক্ষিত করে। এছাড়াও আইনটি আইন প্রয়োগের মাধ্যমে বৈষম্যমূলক হয়রানি এবং পক্ষপাত ভিত্তিক আচরণ থেকে সুরক্ষা প্রদান করে।

এছাড়াও কমিশন NYC মানবাধিকার আইনের আইনি ব্যাখ্যামূলক নির্দেশিকা তৈরি করে এবং নতুন আইনের প্রস্তাব ও প্রণয়ন করে এবং কমিউনিটির অংশীদারিত্ব এবং ঘটনার কৌশলগত অনুসরণ, মহিলাদের অধিকার সমর্থন করে ও উন্নত করে এমন অনেক উদ্যোগের সঙ্গে থেকে যেসব সমস্যা মহিলাদের ওপর অপ্রত্যাশিতভাবে প্রভাব ফেলে তাদের সমাধান করতে সরকারি এবং কমিউনিটিতে সহযোগী হয়ে কাজ করে। কমিশন মহিলারা বাসায়, কর্মস্থলে বৈষম্যতা ও হয়রানি থেকে মুক্তভাবে বাঁচতে পারছেন এবং সর্বসাধারণের ব্যবহারের সুযোগ যেমন নিউইয়র্কের রেস্তোরাঁ এবং গণ পরিবহন ব্যবহার করতে পারছেন তা নিশ্চিত করতে সংগ্রাম করছে।

## লিঙ্গ প্রাধান্যNYC মানবাধিকার আইন (NYC Human Rights) কোনো মহিলা এবং মেয়েদের ওপর প্রকৃত বা অনুভূত লিঙ্গের ভিত্তিতে বৈষম্যতা এবং হয়রানি হওয়া নিষিদ্ধ করে। "লিঙ্গ" এর মাধ্যমে আপনার "প্রকৃত বা অনুভূত লিঙ্গ" সংজ্ঞায়িত করা হয় এবং এতে লোকের "লিঙ্গ পরিচয়, আত্ম-চিত্র, চেহারা, আচরণ বা অভিব্যক্তি" অন্তর্ভুক্ত করে।



নিয়োগকর্তা, আবাসন প্রদানকারী এবং সার্বজনীন ব্যবহারের সুযোগ প্রদানকারী আপনার সঙ্গে ভিন্ন আচরণ করতে পারেন না অথবা মহিলাদের কেমন দেখতে লাগা উচিত বা আচরণ করা উচিত তার অনুমান করে বা বাঁধাধরা চিন্তার ভিত্তিতে অথবা আপনার লিঙ্গের কারণে আপনার সুযোগ বা প্রবেশাধিকার প্রত্যাখ্যান করতে পারেন না।

**সুরক্ষারক্ষেত্রগুলি**

- আবাসন
- চাকরি
- সার্বজনীন সুযোগ
- বৈষম্যমূলক হয়রানি
- বৈষম্যভিত্তিক মূল্যায়ন

*পরিস্থিতি:*

"আমার পদোন্নতি হয়নি কারণ আমার বস বলেছেন যে 'আমি মহিলাদের মতো আচরণ করি না।'"

"আমি ক্যাম্পাসে হাঁটছিলাম এবং এই ছেলেটা আমার কোমরে হাত দিয়ে টেনে নিয়ে বলে 'এই যে, সুন্দরী। আমি তোমাকে আমার রুমে নিয়ে যাব যাতে তুমি আসল পুরুষ কেমন হয় বুঝতে পারো।'"

## গর্ভাবস্থা

NYC মানবাধিকার আইন নিয়োগকর্তাদেরকে আপনার গর্ভাবস্থার কারণে আপনার কাজ করার ক্ষমতা বা আপনার প্রতিশ্রুতি সম্পর্কে অনুমান করে চাকরি সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়া সহ বৈষম্যমূলক আচরণ করতে নিষিদ্ধ করে।

এছাড়াও, আপনার নিয়োগকর্তা থেকে যুক্তিসঙ্গত সুযোগ চাওয়ার অনুমতি আপনার আছে, যেমন আপনার গর্ভাবস্থা, সন্তান প্রসব বা চিকিৎসা অবস্থার ভিত্তিতে বিরতি বা কর্ম পরিবেশের পরিবর্তন।

**সুরক্ষার ক্ষেত্রগুলি:**

- চাকরি
- আবাসন
- সার্বজনীন সুযোগ

*পরিস্থিতি:*

“আমার বস আমাকে সময়ে সময়ে বাথরুম ব্রেক দেয় না এবং আমাকে ‘বাসায় ভালো থাকো’ বলে বাড়িতে পাঠিয়ে দেয়।”



## পরিচর্যাকারীর স্থিতি

NYC এর মানবাধিকার আইন নিয়োগকর্তাদের কে আপনি আপনার সন্তানদের বর্তমানে বা সরাসরি পরিচর্যা করেন অথবা আপনি একজন অসুস্থ বা প্রতিবন্ধী আত্মীয়ের পরিচর্যা করেন তার করণে কর্মক্ষেত্রে বা যখন আপনি চাকরির জন্য আবেদন করছেন তখন আপনার সঙ্গে ভিন্ন আচরণ করা নিষিদ্ধ করে। নিয়োগকর্তারা আপনার পরিচর্যা প্রদানের দায়িত্বকে কখনই কর্মক্ষেত্রে প্রতিশ্রুতি বা কর্মদক্ষতার অভাব বলে গণ্য করতে পারেন না।

**সুরক্ষার ক্ষেত্রগুলি:**

- চাকরি

*পরিস্থিতি:*

“নিয়োগকারী ম্যানেজার আমাকে জানান যে আমি চাকরিটি পাব না কারণ আমি আমার বাবার প্রতি যত্নবান তাই ‘কোম্পানির জন্য আমি সেই প্রতিশ্রুতি মতো কাজ করতে পারব না।’”



## গৃহ সহিংসতার, যৌন অপরাধ এবং উত্যক্ত হওয়ার শিকার হয়েছেন এমন মহিলারা



NYC মানবাধিকার আইন কর্মক্ষেত্রে ও আবাসনে গৃহ সহিংসতা, যৌন অপরাধ ও উত্যক্ত হওয়ার শিকার মহিলাদের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা নিষিদ্ধ করে। নিয়োগকর্তারা এবং আবাসন প্রদানকারীরা আপনার উত্তরজীবী স্থিতির কারণে আপনার সঙ্গে ভিন্ন আচরণ করতে পারেন না, যেমন আপনাকে ভিন্ন অফিসে পাঠানো বা আপনাকে অ্যাপার্টমেন্ট ভাড়া না দেয়া। এছাড়াও, আপনার উত্তরজীবী স্থিতির কারণে আপনার কর্মক্ষেত্রে যুক্তিসঙ্গত সুযোগ অনুরোধ করার অধিকার আপনার আছে, যেমন অবৈতনিক ছুটি বা আদালতের শুনানির জন্য শিফ্ট পরিবর্তন।

**সুরক্ষার ক্ষেত্রগুলি:**

- আবাসন
- চাকরি

*পরিস্থিতি:*

“আমার কাছে আমার ওপর আক্রমণকারীর থেকে সুরক্ষার আদেশ আছে কিন্তু বাড়িওয়ালা আমাকে ভাড়া দিচ্ছেন না কারণ তিনি ‘তার বিল্ডিংয়ে কোনো ঝামেলা চান না।’”

## শিশুদের উপস্থিতি



NYC মানবাধিকার আইন আপনার সঙ্গে বাচ্চা থাকতে পারে বা নাও পারে কেবল এই কারণে আবাসন প্রদানকারীর আপনাকে ঘর ভাড়া দিতে প্রত্যাখ্যান করা নিষিদ্ধ করে। এছাড়াও প্রদানকারীরা বাচ্চা নেই এমন আবেদনকারীদেরই শুধু ঘর ও অ্যাপার্টমেন্ট ভাড়া দেবেন বলে কোনো বিজ্ঞাপন দিতে পারবেন না।

**সুরক্ষার ক্ষেত্রগুলি:**

- আবাসন

*পরিস্থিতি:*

“যখন আমি অ্যাপার্টমেন্ট দেখতে গেছিলাম, দালাল আমাকে বললেন যে আমার আবেদন নেওয়া হবে না কারণ বাড়ির মালিক তার বিল্ডিংয়ে বাচ্চা চান না।”





# প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## আমি কীভাবে বৈষম্যমূলক আচরণ বা হয়রানির বিষয়ে রিপোর্ট করব? আমি কী বেনামে অভিযোগ করতে পারি?

311নম্বরে ফোন করুন এবং মানবাধিকার কমিশনকে চান অথবা আপনি হয়রানির শিকার হলে কোনো আইনজীবীর সঙ্গে কথা বলতে (212) 416-0197 নম্বরে সরাসরি কমিশনে ফোন করুন। কমিশনের কর্মী আপনাকে প্রক্রিয়ায় গাইড করবেন এবং আপনার কোনো প্রশ্ন থাকলে সাহায্য করবেন। কমিশন আপনাকে বৈষম্যমূলক আচরণের বিষয়ে অভিযোগ জানাতে উত্সাহিত করেন এমনকি আপনি নাম প্রকাশে অনিচ্ছুক হলেও। কমিশন তার নিজের তদন্ত চালাতে এবং আপনার পরিচয় প্রকাশ না করে বৈষম্যের বিচার চাইতে পারে।

## আমাকে সাহায্য করতে কমিশন কী করবে?

যদি আপনি কমিশনের কাছে ক্লেইম করেন তাহলে কমিশন যে বৈষম্যতা হয়েছে তার প্রমাণ দেখে আপনার জন্য বিচারের আবেদন করবে। বিচারাধীনের পর বা নিষ্পত্তির মাধ্যমে কমিশন লঙ্ঘনকারী বা যে ব্যক্তি হয়রানিমূলক আচরণ করেছেন তাকে আপনার মানসিক ক্ষতি, নাগরিক শাস্তি এবং অ্যাটর্নি ফি সহ বিমা কভারেজের বাইরের খরচ প্রদান করার আদেশ দিতে পারে। এছাড়াও কমিশন লঙ্ঘনকারীকে NYC মানবাধিকার আইনের প্রশিক্ষণ অথবা কমিউনিটি পরিষেবা সম্পাদনে অংশগ্রহণ করার আদেশ দিতে পারে।

## মহিলাদের অধিকার উন্নত করতে আমার সংস্থা কীভাবে কমিশনের সঙ্গে সহযোগী হবে?

কমিশন সারা বছর কর্মশালা, অনুষ্ঠান, উদ্যোগ এবং কর্মসূচীর আয়োজন করে এবং অংশগ্রহণ করে আপনি এখানে সহযোগী হতে পারেন। আপনার কাছাকাছি আসন্ন অনুষ্ঠানের জন্য আমাদের ক্যালেন্ডার দেখতে অনুগ্রহ করতে  দেখুন। এছাড়াও আপনি কী ধরনের অংশীদারিত্বের প্রস্তাব দিচ্ছেন তার বিবরণ সহ  এ পাঠাতে পারেন এবং একজন প্রতিনিধি আপনার সঙ্গে আলোচনার জন্য যোগাযোগ করবেন।